



তথ্যবিবরণী

নম্বর-০৬৩

জেলা পরিষদ রাজশাহীর উদ্যোগে বিভিন্ন পূজা মণ্ডপের অনুকূলে চেক বিতরণ

রাজশাহী; ২৩ আশ্বিন (০৮ অক্টোবর):

শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে মহানগর ও জেলার বিভিন্ন উপজেলার সনাতন ধর্মাবলম্বী নেতৃবৃন্দের উপস্থিতিতে বিভিন্ন পূজা উদযাপন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকবৃন্দের অনুকূলে রাজশাহী জেলা পরিষদের পক্ষ থেকে চেক বিতরণ করা হয়েছে।

আজ (৮ অক্টোবর), মঙ্গলবার সকাল সাড়ে ১১ টায় জেলা পরিষদের সভা কক্ষে রাজশাহী জেলা পরিষদের প্রশাসক (যুগ্ম সচিব) তরফদার মো: আক্তার জামীল চেক বিতরণ করেন।

শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে সরকারি বরাদ্দের পাশাপাশি জেলা পরিষদের পক্ষ থেকে মহানগরের জন্য ৭৭টি ও জেলার জন্য ৪৬ টিসহ মোট ১২৩ টি পূজা মণ্ডপের প্রতিটির অনুকূলে পাঁচ হাজার টাকার চেক প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন রাজশাহী জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুঃ রেজা হাসান, বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান কল্যাণ ফ্রন্ট রাজশাহী মহানগর শাখার সভাপতি অচিন্ত্য কুমার বিশ্বাস (সান্টু) ও সাধারণ সম্পাদক অশোক কুমার সাহাসহ জেলা পরিষদের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। ##

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১৬:৩০ঘ.